আলমডাঙ্গার সকল পূজা মন্ডপ পরিদর্শনে রাসেল

আলমডাঙ্গা পৌর সভার ঐতিহ্যবাহী রথতলা দূর্গামন্দির সহ পৌর সভার সকল পূজা মন্ডপ পরিদর্শন করেন, চুয়াডাঙ্গা-১ আসনের জামায়াতে ইসলামের মনোনীত প্রার্থী এডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

তিনি বলেন, বাংলাদেশ জামায়েতে ইসলাম ক্ষমতায় আসলে সকল ধর্মের মানুষ সমানভাবে তাদের নিজ নিজ ধর্মীয় উৎসব নির্বিঘ্নে উৎযাপন করতে পারবে। পৃথিবীতে ইসলাম একমাত্র ধর্ম যেখানে সকল শ্রেণির মানুষ সমান ভাবে সকলের ধর্ম পালন করতে পারে। সংখ্যালঘু হিন্দু সনাতনীদের উদ্দেশ্যে বলেন, আমরা আপনাদের পাশে থেকে নিরাপত্তা নিশ্চিত করতে চাই।

আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা শাখার আইন আদালত বিষয়ক সম্পাদক দারুসসালাম, যুব বিভাগের সম্পাদক নূর মোহাম্মদ টিপু, আলমডাঙ্গা উপজেলা আমির শফিউল আলম বকুল, আলমডাঙ্গা উপজেলা শাখার সহকারী সেক্রেটারি তরিকুল ইসলাম প্রমুখ।

মুজিবনগরের বল্লভপুর হাসপাতাল ও পূজা মন্ডপ পরিদর্শনে জেলা প্রশাসক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর হাসপাতাল ও বল্লভপুর পূজা মন্ডপ পরিদর্শন করেছেন মেহেরপুরের জেলা প্রশাসক। গতকাল শনিবার বিকেল ৪টাই মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের বল্লভপুর হাসপাতাল এবং বল্লভপুর পূজা মন্ডপ পরিদর্শন করেন মেহেরপুরের জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ আবদুল ছালাম।

তিনি বল্লভপুর হাসপাতাল পরিদর্শনের সময় হাসপাতালের বৃদ্ধাশ্রমে

থাকা বৃদ্ধদের সার্বিক খোঁজখবর নেন এবং হাসপাতাল কর্তৃপক্ষের সাথে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং পরামর্শ দেন।

হাসপাতাল পরিদর্শন শেষে বল্লভপুর দাসপাড়া মন্দিরে যান এবং আগামী শারদীয় দুর্গাপূজার প্রস্তুতি সম্পর্কে খোঁজখবর নেন। এসময় উপস্থিত ছিলেন, জেলার অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব, শিক্ষা ও আইসিটি এবং বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট) তাজওয়ার আকরাম সাকাফি ইবনে সাজ্জাদ ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

মেহেরপুরে পূজা মন্ডপে ২৪২ জন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন

শারদীয় দূর্গা উৎসবে মেহেরপুর জেলার ৩৮ টি পূজা মন্ডপে ২৪২ জন আনসার ও ভিডিপি সদস্য দায়িত্ব পালন করবেন।

আজ (৭ অক্টোবর) সোমবার ১০টায় সময় মেহেরপুর জেলা আনসার ভিডিপি অফিস কার্যালয় থেকে জানা গেছে, মেহেরপুর জেলার ৩৮টি পূজা মন্ডপের মধ্যে মেহেরপুর সদর উপজেলার ১৪ টি মন্ডপে ৬৪ জন পুরুষ ২৮ জন মহিলা সহ ৯২ জন, মুজিবনগর উপজেলার ৭টি মন্ডপে ২৮ জন পুরুষ এবং ১৪ জন মহিলা সহ ৪২ জন, গাংনী উপজেলার ১৭ টি মন্ডপে ৭৪ জন পুরুষ ও ৩৪ জন মহিলা সহ ১০৮ জন ভিডিপি সদস্য তাদের দায়িত্ব পালন করবেন।

এ দিকে পূজা মন্ডপের নিরাপত্তা নিশ্চিত করনের লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত আনসার ভিডিপি সদস্যদের নিষ্ঠার সাথে তাদের দায়িত্ব পালনের জন্য মেহেরপুর জেলা কমান্ড্যান্ট সাজ্জাদ মাহমুদ পূজা মন্ডপের দায়িত্বপ্রাপ্ত আনসার ভিডিপি সদস্যদের ব্রিফিং কালে এ আহ্বান জানান।

এসময় উপস্থিত ছিলেন সার্কেল এ্যাডজুটেন্ট আব্দুল আল মামুন প্রমুখ।

কোটচাঁদপুরে পূজা মন্ডপে নগদ অর্থ ও বস্তু বিতরণে এমপি চঞ্চল

ঝিনাইদহে কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড়ো উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষে উপজেলার ৪৫ টি পূজা মন্ডপে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার উপহার নগদ অর্থ ও ব্যক্তিগত তহবিল থেকে বস্তু বিতরণ করেছেন ঝিনাইদহ-৩ আসনের সাংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

আজ রবিবার (২২ অক্টোবর) সকাল থেকে রাত পর্যন্ত পূজা মণ্ডপ পরিদর্শন করেন তিনি।পূজামণ্ডপ পরিদর্শনকালে তিনি সনাতন ধর্মাবলম্বীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং সার্বিক বিষয়ে খোঁজ-খবর নেন। এ সময় তিনি বঙ্গবন্ধু কন্যার পক্ষ থেকে প্রতিটি মন্দিরে আর্থিক সহায়তা ও ব্যক্তিগত তহবিল থেকে বস্তু বিতরণ করেন।

সে সময় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, সাবেক উপজেলা যুবলীগের সভাপতি মীর কাশেম, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাবেক কুশান ইউনিয়ন পরিষদের আব্দুল হান্নান, ইউপি সদস্য এনামুল হক, সেচ্ছাসেবক লীগ নেতা লিমন,ছাত্র লীগ নেতা, রাব্বি হাসান, প্রদীপ কুমার হালদার, ওবায়দুল হক, আল-আমীন, নয়ন,মানিক প্রমুখ।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী ও স্ব স্ব পূজা মন্ডপের সভাপতি সম্পাদক সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

তিন স্তরের নিরাপত্তা বেষ্টিত কালীগঞ্জের পূজা মন্ডপগুলি



কালীগঞ্জে পূজা মন্ডপের
নিরাপত্তায় থানা পুলিশ

শুরু হয়েছে সনাতন ধর্মাবলম্বিদের বৃহত্তম ধর্মীয় অনুষ্ঠান সারদীয় দূর্গোৎসব। কালীগঞ্জ উপজেলায় মোট ৫৩টি মন্ডপে সার্বজনীন দূর্গা পূজা অনুষ্ঠিত হচ্ছে। এই উৎসবকে কেন্দ্র করে কালীগঞ্জের পূজামন্ডপগুলি আইনশৃঙ্খলা বাহিনীর তিনস্তর বিশিষ্ট নিরাপত্তা চাদরে ঢেকে ফেলেছে।

সরেজমিনে দেখা যায়, উপজেলার ১টি পৌরসভা ও ৭টি ইউনিয়নে ২৯টি স্থায়ী ও ২৪টি অস্থায়ী মন্ডপে এ বছর সার্বজনীন দূর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। এগুলোর মধ্যে অধিক গুরুত্বপূর্ণ ১০টি, গুরুত্বপূর্ণ ১১টি ও সাধারণ ৩২টি পূজা মন্ডপ রয়েছে। পূজা মন্ডপ, পূজারী ও আগত দর্শনার্থীদের নিরাপত্তা দিতে ৩৩২ জন আনসার, প্রতিটি বিটে একটি করে মোবাইল টিম ও দুইজন ইন্সপেক্টরের নেতৃত্বে ১টি করে ষ্ট্রাইকিং টিম সার্বক্ষনিক দায়িত্ব পালন করছে।

এ বিষয়ে কালীগঞ্জ কেন্দ্রীয় কালীবাড়ী মন্দির পরিচালনা কমিটির সভাপতি বাবু নিরঞ্জন চন্দ্র ঘোষ বলেন, ‘দূর্গাপূজা উপলক্ষে আমাদের যাবতীয় কার্যক্রম ইতিমধ্যেই সম্পন্ন করেছি। গতকাল শুক্রবার রাত থেকে ষষ্ঠি পূজার মাধ্যমে দূর্গোৎসব আরম্ভ হয়েছে। পূজা উপলক্ষে প্রশাসনের পক্ষ থেকে আমাদের পর্যাপ্ত নিরাপত্তা প্রদান করা হচ্ছে।’